



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট  
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭  
www.bjri.gov.bd

কৃষিই সমৃদ্ধি

ফোন : ৯১১০৯৫৩  
: ৮১২১৯৩১-২  
ফ্যাক্স : ৯১১৮৪১৫  
ই-মেইল : [bjriinfo@yahoo.com](mailto:bjriinfo@yahoo.com)

স্মারক নং- ১২.২৩.০০০০.০০৭.৪৩.২৫৩.১৮.২৭৪৪ (৬)


তারিখ : ৩/২/১৯

বিষয় : বিজেআরআই এর পাট গবেষণা উপকেন্দ্র পাখিমারা, পটুয়াখালী ফার্মের ইরিগেশন ড্রেনেজ (ইউপিভিসি পাইপ দ্বারা) নির্মাণ (ID no 252142) কাজের কার্যাদেশ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ই-জিপি সিস্টেমে আপনার দাখিলকৃত গত ১৯-১১-২০১৮খ্রিঃ তারিখের দরপত্রটি দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন, ই-জিপি সিস্টেমে কার্যসম্পাদন জামানত জমা দান ও চুক্তি পত্রে স্বাক্ষর করায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ৬,৮৯,১৭৮.০০০ (টাকা ছয় লক্ষ উনানব্বই হাজার একশত আটাত্তর মাত্র) টাকার কার্যাদেশ প্রদান করা হলো।

**শর্তাবলী :**

- ১। Contract Agreement ই-জিপিতে Upload করার তারিখ ২৯-০১-২০১৯খ্রিঃ তারিখ হতে আগামী ১৪-০৩-২০১৯খ্রিঃ তারিখের মধ্যে কাজটি সিডিউল মোতাবেক সম্পন্ন করে কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে।
- ২। কাজে ব্যবহৃত মালামাল ব্যবহারের পূর্বে অবশ্যই মালামালের নমুনা কর্তৃপক্ষ কর্তৃক গঠিত তদারকী কমিটির নিকট জমা দিতে হবে এবং নমুনা অনুমোদিত হলে মালামাল কাজে ব্যবহার করতে হবে। অননুমোদিত কোন মালামাল কাজে ব্যবহার করা হলে ঠিকাদার একক ভাবে দায়ী থাকবে এবং এ ব্যাপারে কর্তৃপক্ষ ঠিকাদারের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- ৩। কাজের স্বার্থে কোন কোন আইটেমের কাজ কম বা বেশী হতে পারে।
- ৪। কাজটি অতিব জরুরী বিধায় নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই সম্পন্ন করতে হবে, বিশেষ কোন কারণ ব্যতিরেকে সময়সীমা বর্ধিত করা হবে না।
- ৫। বিশেষ কোন কারণ ব্যতীত নির্ধারিত সময়ের মধ্যে কাজটি সম্পন্ন করতে ব্যর্থ হইলে পিপিআর/২০০৮ (সংশোধনীসহ) এবং STD এর শর্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৬। কাজ চলাকালীন সময়ে ঠিকাদারের নিজস্ব প্রকৌশলী সার্বক্ষণিক সাইটে তদারকি কাজে উপস্থিত থাকতে হবে।
- ৭। কাজ চলাকালীন সময়ে কাজ সংক্রান্ত কোন সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে এতদসংক্রান্ত তদারকী কমিটি ও বিজেআরআই এর প্রকৌশল শাখা কে জানাতে হবে।
- ৮। ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের বিস্তারিত বিল নিজস্ব প্যাডে দাখিল করতে হবে।
- ৯। সরকারী বিধি মোতাবেক সমাপ্তকৃত কাজের বিল হতে ভ্যাট, আয়কর ইত্যাদি কর্তন করা হবে।
- ১০। কাজের বিল হতে ১০% নিরাপত্তা জামানত কর্তন করা হবে। উক্ত নিরাপত্তা জামানত চূড়ান্ত বিল প্রদানের পর পিপিআর/২০০৮ এর বিধি ২৮ (২) অনুযায়ী ফেরত দেওয়া হবে।

  
(ড. এস, এম, মাহবুব আলী)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
৩/২/১৯

S. Rahman Traders Limited  
88/A Monipuripara, Tejgaon

**কার্যার্থে বিতরণ :**

- ১। পিএসও, খামার ব্যবস্থাপনা শাখা, বিজেআরআই, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, বিজেআরআই, ঢাকা (ওয়ের সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৩। উপ-পরিচালক (হিসাব ও অর্থ) বিজেআরআই, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, হিসাব (রাজস্ব), বিজেআরআই, ঢাকা।
- ৫। অডিট অফিসার, বিজেআরআই, ঢাকা।
- ৬। এসও, পাট গবেষণা উপকেন্দ্র পাখিমারা, পটুয়াখালী।
- ৭। সহকারী প্রকৌশলী, বিজেআরআই, ঢাকা।
- ৮। ক্যাশ শাখা, বিজেআরআই, ঢাকা।

**অবগতির জন্য :**

- ১। পিএস-টু-ডিজি, বিজেআরআই, ঢাকা।
- ২। পিএ-টু- পরিচালক (প্রশাঃ ও অর্থ), বিজেআরআই, ঢাকা।